

# Telephone Conversation between Prime Minister Shri Narendra Modi and H.E. Dr. Lotay Tshering, Prime Minister of Bhutan

May 11, 2021

---

## ভুটানের প্রধানমন্ত্রী ডঃ লোটে শেরিং-এর সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর টেলিফোন কথা

মে 11, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভুটানের প্রধানমন্ত্রী লিনছেন ডঃ লোটে শেরিং-এর সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

কোভিড-১৯ মহামারীর বর্তমান চেউয়ের বিরুদ্ধে ভারতের জনসাধারণ ও সরকার যে লড়াই চালাচ্ছে ভুটানের প্রধানমন্ত্রী তার সঙ্গে সংহতি প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী ভুটানের জনসাধারণ ও সরকার যে সাহায্য ও শুভেচ্ছা পাঠিয়েছে তার জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন।

তিনি কোভিড মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে ভুটানের রাজার নেতৃত্বের প্রশংসা করেছেন এবং লেনছেনের উদ্যোগকে শুভেচ্ছা জানিয়েছেন।

উভয় নেতা বর্তমান সংকটময় পরিস্থিতিতে ভারত ও ভুটানের মধ্যে বিশেষ সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের অগ্রগতির ওপর গুরুত্ব দিয়েছেন। পারস্পরিক বোঝাপড়া ও সম্মান, অভিন্ন সাংস্কৃতিক ঐতিহ্য ও দুটি দেশের জনসাধারণের মধ্যে নিবিড় যোগাযোগের ওপর ভিত্তি করে এই সম্পর্ক গড়ে উঠেছে।

নিউ দিল্লি

মে 11, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.